

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সমন্বয় অধিশাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)


নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.১৭-২২০

০৮ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ  
তারিখঃ ২২ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ইনোভেশন টিমের ০৭/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

পরিকল্পনা বিভাগে গত ০৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৩ (তিন) পৃষ্ঠা।



(শ্যামল কুমার সিংহ)

যুগ্মসচিব

ফোনঃ ৯১১৭৯১১৪

e-mail: dsplandivco@gmail.com

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ	
অইসি নং..... তারিখঃ.....	
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল	
প্রোগ্রামার	বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-১	১. জনাব মোঃ খালিলুর রহমান, অতিরিক্ত সচিব (পিটি), ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
সহকারী প্রোগ্রামার-১	২. জনাব মোঃ ইফতেখার উদ্দীন খান, অতিরিক্ত সচিব (বাজেট) ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
সহকারী প্রোগ্রামার-২	৩. প্রধান, (শিল্প ও শক্তি বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন, ঢাকা।
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	৪. জনাব মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল, যুগ্মসচিব (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
ব্যক্তিগত কর্মকর্তা	৫. জনাব রেজাউল আজম ফারুকী, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

৬. জনাব মোঃ ছায়েদুজ্জামান, যুগ্মপ্রধান (চঃদাঃ), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. জনাব ফরিদ আজিজ, মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. যুগ্ম-সচিব, প্রশাসন অধিশাখা-৪, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. উপ-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. জনাব প্রদীপ কুমার মহোত্তম, উপ-প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন ও ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মহাঃ এনামুল হক, উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন ও ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. উপপ্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-২/সাধারণ শাখা-১, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. জনাব দেওয়ান আশরাফুল আলম, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৬. সহকারী সচিব, আইন শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. কাজী মোহাম্মদ সালাতুজ্জামান, সিস্টেম এনালিস্ট, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন এগডেমি, নীলক্ষেত, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮. জনাব সুবাস চন্দ্র সাহা, সচিব (চলতি দায়িত্ব), বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৯. অতিরিক্ত সচিব-১ এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (অতিরিক্ত সচিব-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব-১ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় অধিশাখা

www.plandiv.gov.bd

ইনোভেশন টিমের ২০১৮ সালের সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ০৭ মে, ২০১৮ খ্রিঃ  
সময়ঃ সকাল ১১ :০০ ঘটিকা  
সভার স্থানঃ অতিরিক্ত সচিব-১ এর দপ্তর (রক-০৩, কক্ষ-০৯), পরিকল্পনা বিভাগ।  
সভাপতিঃ কাজল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব  
ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

- ১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিলিখিত 'ত':
- ২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ০৪/০৪/২০১৮ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত ইনোভেশন টিমের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর ১.০(খ) এর আলোচনার ৪র্থ লাইনে "মাননীয় প্রধানমন্ত্রীর হৃদয়সংগত আরেকটি প্রকল্পের হুবি আপলোড করা যেতে পারে" এর পরিবর্তে "পরিকল্পনা বিভাগের ফেনবুক পেইজ এ স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশের জন্য প্রতিটি একমুক সভা শেষে মাননীয় প্রধানমন্ত্রীর সভা পরিচালনার হুবি, সভায় অনুমোদিত প্রকল্পের সংশ্লিষ্ট বিবরণ আপলোড করা যেতে পারে" শব্দসমূহ প্রতিস্থাপনপূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অর্বেপ্ত অনুকারী সভার নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ ইন্টারনেটের গতি বিবয়ক আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ইন্টারনেটের গতি বৃদ্ধি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আইসিটি সেলের সিনিয়র সিস্টেম এনালিস্ট সভায় অবহিত করেন যে, ইন্টারনেটের গতি চাহিদা মোতাবেক ( BTCL থেকে প্রাপ্ত 240 mbps' ) পাওয়া যাচ্ছে না বার কারণে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটছে। সভাপতি সভাকে অবহিত করেন যে, ERD সহ অন্য যে সকল মন্ত্রণালয় Alternative Line নিচ্ছে সে বিষয়ে বিস্তারিতভাবে জানতে হবে। এছাড়া যুগ্মসচিব (প্রশাসন) বলেন ইন্টারনেটের বিল পরিশোধ ব্যবস্থা অর্থ মন্ত্রণালয় থেকে পর্যাপ্ত পরিমাণ অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরও উল্লেখ করেন অতিরিক্ত 50 mbps Alternative Line এর বিষয়ে BTCL থেকে NOC নিতে হবে।	সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ERD যে Alternative ইন্টারনেট লাইন সংযোগ নিয়েছে সে সম্পর্কে তথ্য সংগ্রহ এবং অর্থ মন্ত্রণালয় থেকে এই খাতের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া BTCL থেকে NOC নেওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ ও উপসচিব সাধারণ অধিশাখা-২ পরিকল্পনা বিভাগ

৩.০ Project Planning System (PPS) সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
PPS Software ব্যবহার করে প্রকল্প দলিল রাখিলের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভায় বলেন, PPS এ কোন ধরনের সমস্যা হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগগুলোকে IDE প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করতে পারবেন।	PPS Software ব্যবহার করে প্রকল্প দলিল রাখিলের বিষয়ে সমস্যার সম্মুখীন হলে IDE প্রকল্পের প্রকল্প পরিচালকের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকল্প পরিচালক IDE প্রকল্প এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

৫.০

Innovative idea সম্পর্কিত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>ক) সিনিয়র প্রোগ্রামার সভাকে অবহিতকরণ যে, পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটের Innovation সংক্রান্ত idea বন্ধে কোন আইডিয়া জমা পড়েনি। সভায় Innovative Idea পাওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কিভাবে Innovative Idea প্রদানে পরিকল্পনা বিভাগ ও কমিশনের কর্মকর্তাদের উৎসাহিত করা যায় তা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন, Innovative Idea প্রদানকারীদের মধ্য হতে সেরা Innovative Idea প্রদানকারীকে ফ্রেস্ট ও সনদ প্রদান করা যেতে পারে। তাছাড়া তিনি সকলকে Innovative Idea প্রদানের জন্য অনুরোধ করেন।</p> <p>খ) Innovative idea এর আলোচনা বিষয়ে উপ-সচিব জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম বলেন, পরিকল্পনা বিভাগের ফেসবুক পেইজ এ সতঃপ্রণোদিত তথ্য প্রকাশের জন্য প্রতিটি একনেক সভা শেষে মাননীয় প্রধানমন্ত্রীর সভা পরিচালনার ছবি, সভায় অনুমোদিত প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ আপলোড করা যেতে পারে। এই পদক্ষেপ গ্রহণ করলে একনেক সম্পর্কে সর্বসাধারণ একটি ধারণা লাভ করবে বলে তিনি অতিমত দেন। অতিরিক্ত সচিব (পিটি) বলেন, যিনি Innovative idea প্রদান করবেন তিনি এই Idea কিভাবে বাস্তবায়ন করতে হবে, ফলাফল কি হতে পারে তার উপর একটা ধারণা দফলিত আউট লাইন প্রদান করবেন। সভায় সভাপতি মহোদয় বলেন, পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তাগণকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে Idea Box এ Innovative Idea প্রদান করতে হবে। এছাড়া তিনি a2i এর Innovative Idea Format সকল কর্মকর্তাদের প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত অবহিত করেন।</p>	<p>ক) Innovative Idea প্রদানকারীদের মধ্য হতে সেরা Innovative Idea প্রদানকারীকে ফ্রেস্ট ও সনদ প্রদান করতে হবে এবং পরিকল্পনা বিভাগ ও কমিশনের সকলকে Innovative Idea প্রদানে উদ্যোগী হতে হবে।</p> <p>খ) পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তাগণকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে Idea Box এ Innovative Idea প্রদানে উদ্যোগী হতে হবে। এছাড়া a2i এর Innovative Idea Format সকল কর্মকর্তাদের প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও যুগ্মসচিব (সমন্বয়)</p>

৬.০

বিসিএস (ইকোনোমিক) ক্যাডার কর্মকর্তাদের পিডিএস সংক্রান্ত আলোচনা:


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-৪) সভায় অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের PMIS Software এর বিষয়ে যোগাযোগ করা হলে উক্ত Software টি পরিকল্পনা বিভাগে প্রদান করা হবে বলে জনপ্রশাসন মন্ত্রণালয় আশ্বস্ত করেছে। তিনি আরও জানান PMIS Software পাওয়ার পর ইকোনমিক ক্যাডার কর্মকর্তাদের জন্য PDS প্রস্তুত করার কাজ শুরু হবে।</p>	<p>জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে PMIS Software পাওয়ার পর ইকোনমিক ক্যাডার কর্মকর্তাদের জন্য PDS প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>যুগ্মসচিব (প্রশাসন) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।</p>

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

৭.০ বিবিধঃ ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী																		
<p>সভাপতি মহোদয় সভায় অবহিত করেন যে, কর্মকর্তা/কর্মচারীদের (প্রতি ব্যাচে ৩০ জন) উদ্ভাবনী আইডিয়া বৃদ্ধির জন্য a2i থেকে ইনোভেশন বিষয়ক ৫ দিনের উদ্ভাবনী প্রশিক্ষণের জন্য ঢাকার বাহিরে নির্ধারিত প্রশিক্ষণ একাডেমীগুলোতে প্রশিক্ষণ গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i এর তাগিদ রয়েছে। জুন ২০১৮ এর মধ্যে এই প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করার জন্য একটা টাইমফ্রেম নির্ধারিত আছে। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে জানা যায় ২০১৭-১৮ অর্থবছরে এই প্রশিক্ষণ কর্মসূচির জন্য কোন অর্থ বরাদ্দ নেই। সেক্ষেত্রে সভাপতি মহোদয় বলেন, ২০১৮-২০১৯ অর্থবছরে এই কর্মসূচির জন্য স্পেশাল বাজেটের ব্যবস্থা করতে হবে এবং a2i থেকে প্রশিক্ষণ ফরম্যাট সংগ্রহ করতে হবে। তিনি উপসচিব (পিটি) কে প্রশিক্ষণের জন্য প্রোগ্রাম প্রস্তুত করার বিষয়ে আহ্বান জানান। এছাড়া ইনোভেশন ট্রেনিং এর জন্য বাজেট প্রণয়নের নিমিত্ত যুগ্মসচিব (সমন্বয়) এর নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।</p>	<p>সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণের জন্য ২০১৮-১৯ অর্থবছরে স্পেশাল বাজেট বরাদ্দ রাখতে হবে। নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচি প্রস্তুত ও আনুষঙ্গিক সকল বিষয়ে প্রশিক্ষণ সহায়ক একটি সামারি তৈরির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটিঃ</p> <table border="1"> <thead> <tr> <th>ক্র. নং</th> <th>নাম ও পদবী</th> <th>কমিটিতে অবস্থান</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>জনাব শ্যামল কুমার সিংহ সুপারিসিভ (সমন্বয়) পরিকল্পনা বিভাগ।</td> <td>আহ্বায়ক</td> </tr> <tr> <td>২</td> <td>জনাব মোহাম্মদ হোসেন ইদরাস উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ।</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>৩</td> <td>জনাব মোঃ ফজলুর রহমান উপপ্রধান, কার্যক্রম বিভাগ।</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>৪</td> <td>জনাব মোঃ তনিজ উর্কিন আহমেদ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ।</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>৫</td> <td>জনাব খুসরু প্রকৃতি গাইন বাজেট অফিসার পরিকল্পনা বিভাগ।</td> <td>সদস্য সচিব</td> </tr> </tbody> </table>	ক্র. নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান	১	জনাব শ্যামল কুমার সিংহ সুপারিসিভ (সমন্বয়) পরিকল্পনা বিভাগ।	আহ্বায়ক	২	জনাব মোহাম্মদ হোসেন ইদরাস উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ।	সদস্য	৩	জনাব মোঃ ফজলুর রহমান উপপ্রধান, কার্যক্রম বিভাগ।	সদস্য	৪	জনাব মোঃ তনিজ উর্কিন আহমেদ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ।	সদস্য	৫	জনাব খুসরু প্রকৃতি গাইন বাজেট অফিসার পরিকল্পনা বিভাগ।	সদস্য সচিব	<p>বাস্তবায়নকারী</p> <p>(সদস্য সকল) ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণের নিমিত্ত গঠিত কমিটি।</p>
ক্র. নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান																		
১	জনাব শ্যামল কুমার সিংহ সুপারিসিভ (সমন্বয়) পরিকল্পনা বিভাগ।	আহ্বায়ক																		
২	জনাব মোহাম্মদ হোসেন ইদরাস উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ।	সদস্য																		
৩	জনাব মোঃ ফজলুর রহমান উপপ্রধান, কার্যক্রম বিভাগ।	সদস্য																		
৪	জনাব মোঃ তনিজ উর্কিন আহমেদ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ।	সদস্য																		
৫	জনাব খুসরু প্রকৃতি গাইন বাজেট অফিসার পরিকল্পনা বিভাগ।	সদস্য সচিব																		

৮.০ অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (কাজল ইসলাম, এনডিসি),  
 অতিরিক্ত সচিব  
 ও  
 চীফ ইনোভেশন অফিসার  
 পরিকল্পনা বিভাগ।